



বাংলাদেশ কৃষি ব্যাংক  
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৭৪০২৫  
৯৫৬০০৩১-৩৫/২৫০  
ইমেইল : dgmbcbdd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৯)/২০১৫-২০১৬/ ৮০২(১২৫০)

তারিখ : ০১.০২.২০১৬  
অতীব জরুরী

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক-এর মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয় : পেনশনারদের সংখ্যা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক অন-লাইন পেনশন সিস্টেম ([www.payfixation.gov.bd/pension](http://www.payfixation.gov.bd/pension)) চালু হয়েছে। ওয়েব সাইটটির ব্যবহার নির্দেশিকা অত্র বিভাগ হতে ইতোপূর্বে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে, যা বিকেবি ওয়েব সাইটের নোটিশ এন্ড সার্কুলার মেনুতে অন-লাইন পেনশন সিস্টেম সংক্রান্ত ২৩.১২.২০১৫ তারিখের পত্র নং ৪৪৩ এবং ২৭.১২.২০১৫ তারিখের পত্র নং ৪৬৪ সন্নিবেশ করা আছে। প্রয়োজনে ইন্টারনেট অনুসন্ধানের মাধ্যমে আরো হাল নাগাদ নির্দেশিকা পাওয়া যাবে। সামরিক বাহিনী কর্তৃক 'জেএসআই' জারীর পর অত্র বিভাগ হতেও পরবর্তীতে আরো সুস্পষ্ট নির্দেশিকা এবং ওয়েব সাইটে লগইন করার ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হবে।


০৩। অন-লাইন পেনশন সিস্টেম ([www.payfixation.gov.bd/pension](http://www.payfixation.gov.bd/pension))-এ বাংলাদেশ কৃষি ব্যাংকের পেনশনারগণ সম্পৃক্ত নন বিধায় কোনক্রমেই তাঁদের তথ্য উক্ত সিস্টেমে সন্নিবেশ করা যাবে না। বিধি মোতাবেক পূর্ব নিয়মে তাঁদের বেতন নির্ধারণ করতে হবে।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংক সামরিক বাহিনীর পেনশনারগণের পেনশন প্রদান করে থাকে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে ০২.০২.২০১৬ তারিখের মধ্যে শাখা সমূহের তথ্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা সমূহের তথ্য বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের তথ্য সরাসরি নিম্নোক্ত ছকে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য : নির্দেশিত ছকটির কোন পরিবর্তন সাধন (সেল মার্জ) করা যাবে না। ছবছ ছকে তথ্য সন্নিবেশ করতে হবে। ই-মেইল করার সময় বিষয়ে "Quantity of Pensioner" উল্লেখ করতে হবে এবং ছকটি অবশ্যই এম এম ওয়ার্ড ফরমেটে প্রেরণ করতে হবে। পিডিএফ বা অন্য কোন ফরমেট গ্রহণযোগ্য নয়। ছকটিতে বিকেবি পেনশনারদের তথ্য সন্নিবেশ করা যাবে না।

শাখা কোড	শাখার নাম	সেনাবাহিনী		বিমান বাহিনী	নৌ বাহিনী	সামরিক বাহিনীর মধ্যে বেসামরিক পেনশনার	শাখার মোট পেনশনার
		পে-১	পে-২				
		সংখ্যা	সংখ্যা				

০৫। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,  
  
(এ. আর. এম. অনিস উজ্জামার)  
উপমহাব্যবস্থাপক

অনুলিপি :-

০১। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।- আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। নথি।

  
(সুরাইয়া বেগম)  
সহকারী মহাব্যবস্থাপক